

**2021**  
**BENGALI**  
**[HONOURS]**

**Paper : I**

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

(বাংলা সাহিত্যের ইতিহাস)

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১×৫=৫
- ক) গোলোকনাথ শর্মা রচিত 'হিতোপদেশ' কত সালে লেখা হয়েছিল?
- খ) 'বরযাত্রী' উপন্যাসটি কোন্ লেখকের লেখা?
- গ) বিদ্যাসাগরের লেখা 'বেতালপঞ্চবিংশতি' গ্রন্থটি হিন্দিতে লেখা কোন্ গ্রন্থের অনুবাদ?
- ঘ) 'প্রভাতসঙ্গীত' ও 'সন্ধ্যাসঙ্গীত' কাব্যগ্রন্থের মধ্যে কোন্টি আগে লেখা হয়েছিল?
- ঙ) দ্বিজেন্দ্রলাল রায়ের 'বঙ্গনারী' নাটকটি কত সালে লেখা হয়েছিল?
- চ) রায় গুণাকর ভারতচন্দ্রের মৃত্যুসাল কত?
- ছ) বিপ্রদাস পিপলাই এর মনসামঙ্গল কাব্যের নাম কী?
- জ) চর্যাপদের আদি নাম কী? পরবর্তী কালে আর কী কী নামে চর্যাপদ পরিচিত হয়েছিল?

- ২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ২×৩=৬
- ক) সমরেশ বসুর লেখা প্রথম উপন্যাসটির নাম কী, যেটি দীর্ঘকাল পরে মুদ্রিত হয়েছিল? তাঁর লেখা মুদ্রিত প্রথম উপন্যাসটির নাম লেখো।
- খ) 'করণা' উপন্যাসটি রবীন্দ্রনাথ কত সালে লিখেছিলেন? এটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল?
- গ) 'নাগপাশ' উপন্যাসটি কে লিখেছিলেন? কত সালে এটি লেখা হয়েছিল?
- ঘ) বঙ্কিমচন্দ্রের কোন্ উপন্যাসে 'বন্দেমাতরম' সঙ্গীতটি আছে? উপন্যাসটি কত সালে লেখা হয়েছিল?
- ঙ) 'ধর্মমঙ্গল' কাব্যের আদি কবি কে? তাঁর লেখা কাব্যের নাম লেখো।
- চ) চর্যাপদের আদি কবি কে? তাঁর লেখা যে কোনো একটি পদের প্রথম পঙক্তি লেখো।
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৬×৫=৩০
- ক) সাময়িক পত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার ভূমিকা বিচার করো।
- খ) ছোটগল্পকার বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের অবদান বুঝিয়ে দাও।
- গ) বাংলা কবিতা রচনায় কাজী নজরুলের প্রতিভা বিচার করো।
- ঘ) বাংলা নাটক রচনায় দীনবন্ধু মিত্রের অবদান বুঝিয়ে দাও।
- ঙ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান লিপিবদ্ধ করো।
- চ) বৃন্দাবন দাস রচিত 'চৈতন্যভাগবত' গ্রন্থে সমাজচিত্রের বর্ণনা দাও।

ছ) কবি প্রতিভার নিরিখে চণ্ডীমঙ্গলের দুই কবি দ্বিজমাধব ও মুকুন্দরামের তুলনামূলক আলোচনা করো।

জ) বাংলা সাহিত্যের ইতিহাসে শ্রীকৃষ্ণকীর্তনের গুরুত্ব বিচার করো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $18 \times 1 = 18$

ক) বাংলা উপন্যাস সাহিত্যে বঙ্কিমচন্দ্রের অবদান বুঝিয়ে দাও।  $18$

খ) বাংলা ভাষায় কে কে রামায়ণ রচনা করেছিলেন? কৃত্তিবাসী রামায়ণের সঙ্গে সেইসব রামায়ণের তুলনামূলক আলোচনা করে কৃত্তিবাসী রামায়ণের মৌলিকত্ব ও জনপ্রিয়তা বিচার করো।  $2+8+8=18$

(বাংলা ভাষার ইতিহাস)

৫। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 5 = 10$

ক) 'Language Planning' শব্দটি প্রথম কে ব্যবহার করেন? কত সালে এটি ব্যবহৃত হয়েছিল?

খ) 'বিজ্ঞাফোন' এবং 'রিফ্লা' শব্দ দুটি বাংলা শব্দভাণ্ডারের কোন্ জাতীয় শব্দ?

গ) বংশ-বাঁশ ধ্বনি পরিবর্তনের কোন্ নিয়মে এই প্রক্রিয়াটি সম্পন্ন হয়েছে? এই প্রক্রিয়াটি কোন্ উপভাষায় দেখা যায়?

ঘ) কোন্ কোন্ স্বরধ্বনিকে যথাক্রমে মৌলিক স্বরধ্বনির 'উচ্চমধ্য' ও 'অর্ধ-বিবৃত' স্বরধ্বনি বলা হয়?

ঙ) উইলিয়াম কেরির লেখা ব্যাকরণের নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?

চ) জ্ঞানেন্দ্রমোহন দাস যে অভিধানটি লিখেছিলেন তার নাম কী? ওই অভিধানটির ১ম খণ্ড কত সালে প্রকাশিত হয়েছিল?

ছ) মধ্য ভারতীয় আর্যভাষার নাসিক্য ধ্বনি কটি ছিল? সেগুলি কী কী?

৬। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 4 = 20$

ক) কামরূপী উপভাষা কোন্ অঞ্চলে প্রচলিত? এই উপভাষার চারটি বৈশিষ্ট্য উদাহরণসহ বুঝিয়ে দাও।

খ) প্রাচীন ভারতীয় আর্যভাষার পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

গ) মানুষ কথা বললে সেটি ভাষা হয়, কিন্তু পশুপাখির ডাক, আর্তনাদ, মোটর গাড়ির হর্ন ভাষা নয়, বিচার করো।

ঘ) অন্ত্য মধ্যযুগীয় বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

ঙ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা বলতে কী বোঝ? কোনো ভাষা থেকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় রূপান্তরের চারটি শর্ত লেখো।

চ) বাংলা ভাষা ও গৌড়ী প্রাকৃত অপভ্রংশের মধ্যে সম্পর্ক কতটা ছিল তা বিচার করো।

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :  $15 \times 1 = 15$

ক) পরিভাষা বলতে কী বোঝ? পরিভাষা কীভাবে সৃষ্টি করা হয়ে থাকে? বাংলা ভাষায় পরিভাষা চর্চার বিষয়টি বুঝিয়ে দাও।  $2+3+10=15$

খ) অত্যাধুনিক বাংলা ভাষার সময়কাল ও নিদর্শন সমূহের পরিচয় দিয়ে এই ভাষার বৈশিষ্ট্যগুলি নিরূপণ করো।

15